



মদন (নেত্রকোনা): আলমশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীরা খোলা জায়গায় চটে বসে লেখাপড়া করে

ইত্তেফাক

মদনে শ্রেণিকক্ষের অভাবে খোলা জায়গায় পাঠদান

■ মদন (নেত্রকোনা) সংবাদদাতা

নেত্রকোনার মদন উপজেলার নায়েকপুর ইউনিয়নের আলমশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ থাকায় খোলা জায়গায় চট বিছিয়ে পাঠদান চলছে। এতে কোমলমতি শিক্ষার্থীদের পাঠ কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

১৯৭২ সনে স্থাপিত বিদ্যালয়টি ৫শ' ২০ জন শিক্ষার্থীর বিপরীতে ৪জন শিক্ষক দ্বারা ২টি শ্রেণিকক্ষে পাঠদান এবং অফিস কার্যক্রম চলছে। বিদ্যালয়ের পুরাতন ভবন জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ হওয়ায় গত বছরের জানুয়ারি মাসে উপজেলা প্রকৌশলী ভবনটি পরিদর্শন করে পরিত্যক্ত ঘোষণা করেন।

বিদ্যালয়ের তৃতীয়-শ্রেণির শিক্ষার্থীরা জানায়, ক্লাসরুম, বেঞ্চ ও টয়লেটের অভাবে আমাদের খুবই সমস্যা

হচ্ছে। সামনে ঝড়-বৃষ্টির দিনে খোলা জায়গায় ক্লাস করাটাও বন্ধ হয়ে যাবে।

প্রধান শিক্ষক রফিকুল ইসলাম জয়েল মিয়া জানান, গত বছরের জানুয়ারিতে পুরাতন ভবনকে পরিত্যক্ত ঘোষণার পর থেকে কষ্ট করে আশ্রয় শিবির কেন্দ্রের ২টি কক্ষে ২ সিমফটে ক্লাস ও ভবনের নিচ তলায় খোলা জায়গায় চট বিছিয়ে পাঠদান চালাচ্ছি।

উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মো. জিয়াউল হক বলেন, বিদ্যালয়ের পরিত্যক্ত ভবনটি নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরে নাম প্রেরণ করা হয়েছে। অনুমোদন পেলেই ব্যবস্থা নেয়া হবে।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খুরশীদ শাহরিয়ার বলেন, বিষয়টি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।